

তারিখ
 পৃষ্ঠা কলাম

**সংসদে শিক্ষামন্ত্রী
 ৬ শিক্ষাবোর্ডে মাদ্রাসা
 বিভাগ খোলার
 চিন্তা-ভাবনা হচ্ছে**

সংসদ রিপোর্টার ও শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক বলেছেন, ৬টি শিক্ষাবোর্ডে 'মাদ্রাসা বিভাগ' খোলার চিন্তা-ভাবনা রয়েছে। তিনি গতকাল (বৃহস্পতিবার) জাতীয় সংসদে জামায়াতে ইসলামীর গাজী নজরুল ইসলামের এক প্রশ্নের জবাবে এই তথ্য জানান। জনাব নজরুল ইসলাম মন্ত্রীর কাছে জানতে চেয়েছিলেন প্রতিটি বিভাগে মাদ্রাসা শিক্ষাবোর্ড স্থাপনের কোন পরিকল্পনা সরকারের রয়েছে কিনা। বিএনপির কলিমউদ্দিন আহমদ ও আওয়ামী লীগের সৈয়দ আবুল হোসেনের পৃথক দু'টি সম্পূর্ণ প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, মাদ্রাসা শিক্ষাবোর্ডের কারিকুলাম অনুসরণ করলে কওমী মাদ্রাসাগুলোকে সরকারী সাহায্য প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে।

প্রতিটি নির্বাচনী এলাকায় ৩০টি করে কম্পিউটার দেয়া হবে
 বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিমন্ত্রী ডঃ মঈন খান বলেছেন, আগামীতে প্রতিটি নির্বাচনী এলাকায় ৩০টি করে কম্পিউটার সরবরাহ করা হবে। এ ক্ষেত্রে ১০ হাজার কম্পিউটারের জন্য ইতোমধ্যেই পরিকল্পনা মন্ত্রণালয়ে একটি প্রকল্প চূড়ান্ত পর্যায়ে রয়েছে। আশা করি, চলতি অর্থবছরেই এ
 ৩-এর পৃঃ ২-এর কঃ দেখুন

সংসদে শিক্ষামন্ত্রী*

প্রথম পৃষ্ঠার পর
 প্রকল্পের কাজ শুরু করা যাবে। তিনি গতকাল (বৃহস্পতিবার) জাতীয় সংসদে নূরুল আমিন ভানুসদার ও হাবিবুল ইসলাম হানিফের দু'টি প্রশ্নের জবাব দানকালে এ তথ্য জানান।
 নিরক্ষরতার হার ৩০ শতাংশ
 সংসদ কাজে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডঃ খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, বর্তমানে দেশে নিরক্ষরতার হার ৩৫ শতাংশ। সার্বিক সাক্ষরতা আন্দোলনের নামে কোথাও সাইনবোর্ডসর্ব্বথ কার্যক্রম চললে সেখানে বিকল্প ব্যবস্থা গ্রহণ করা হবে। সার্বিক সাক্ষরতা আন্দোলনের জন্য ৩০ কোটি টাকা বরাদ্দ রয়েছে।